

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২৬১০(আগরতলা, ১৩। ১০)

উদয়পুর, ১৩ অক্টোবর, ২০১৮

উদয়পুরে দুর্গাপূজা মন্ডপের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী
অশুভ শক্তির বিনাশ করতে হবে

দুর্গোৎসবের মধ্যমে রাজ্যের গ্রাম শহরে সর্বত্র একটি বার্তা পৌঁছে দিতে হবে। তা হলো অশুভ শক্তির বিনাশ করতে হবে। রাজ্যের সমস্ত অংশের জনগণের কাছে এই দিশাই দেখাতে হবে। আজ উদয়পুরে জুয়েল ক্লাবের দশভুজা দেবীর মন্ডপ উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। তিনি অশুভ শক্তির বিনাশ করে সন্তাসমুক্ত ত্রিপুরা, নেশামুক্ত ত্রিপুরা, নারী নির্যাতন মুক্ত ত্রিপুরা ও বৈভবশালী ত্রিপুরা গড়ে তোলার আহ্বান জানান। মুখ্যমন্ত্রী জুয়েল ক্লাবের দুর্গোৎসবের মন্ডপ সজ্জায় বিভিন্ন যুগের সাথে আধুনিকতার সংমিশ্রণ দেখে অভিভূত হন।

মুখ্যমন্ত্রী বলেন, আধুনিকতার সাথে প্রযুক্তির সংমিশ্রণ হলে আমরা দ্রুত ত্রিপুরাকে মডেল রাজ্য হিসাবে গড়ে তুলতে পারবো। সরকার এই দিশাতেই কাজ করছে। তিনি দুর্গোৎসবে নিজেদের আনন্দ যেন অন্যের সমস্যার কারণ না হয় সেদিকে লক্ষ্য রাখতে পূজো উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান।

জুয়েল ক্লাবের মন্ডপ উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিধায়ক রামপদ জমাতিয়া, সমাজসেবী জীতেন্দ্র মজুমদার, রাজযোগিনী বি কে কবিতা বেহেনজী, জেলাশাসক, এস পি, এস ডি এম, ক্লাবের সভাপতি হরেকৃষ্ণ গোস্বামী প্রমুখ উপস্থিত ছিলেন। এরপর মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রবীন্দ্র সংঘ, কলেজটিলা ওয়েলফেয়ার সোসাইটি এবং জামজুরি বাজার পূজা কমিটির দুর্গাপূজা মন্ডপেরও আনুষ্ঠানিক উদ্বোধন করেন। রবীন্দ্র সংঘ ক্লাবের উদ্বোধনী অনুষ্ঠানে কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়ও উপস্থিত ছিলেন। এখানে রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত শিক্ষিকা সুতপা সুরকে সংবর্ধনা দেওয়া হয়।
